# আটোয়ারী উপজেলা পরিষদের এপ্রিল ২০২৪ মাসের মাসিক সাধারন সভার কার্যবিবরণী

| | | |
|---|---|---|
| সভাপতি | : | জনাব মোঃ তৌহিদুল ইসলাম, চেয়ারম্যান, উপজেলা পরিষদ, আটোয়ারী, পঞ্চগড় । |
| সভার স্থান | : | উপজেলা পরিষদ হলরুম। |
| তারিখ ও সময় | : | ১৫/০৪/২০২৪ খ্রিঃ, সময় ঃ সকাল ১২.০০ টা। |

**সভায় উপস্থিত সদস্যগনের নামের তালিকা রেজিষ্টারে সংরক্ষিত :**

(ক) বিগত সভার কার্যবিবরনী পঠন ও অনুমোদন।

সভাপতি উপস্থিত সকল সদস্যগণকে স্বাগত জানিয়ে সভার কাজ শুরু করেন। এরপর সভাপতির অনুমতিক্রমে উপজেলা নির্বাহী অফিসার, আটোয়ারী গত মাসের মাসিক সাধারন সভার কার্যবিবরণী সভায় পাঠ করে শোনান। কার্যবিবরণীতে কোন সংশোধনী না থাকায় সর্বসম্মতিক্রমে তা দৃঢ়ীকরণ করা হয়। অত:পর নিম্নবর্ণিত আলোচ্যসূচী অনুযায়ী আলোচনার জন্য সকলকে আহ্বান জানানো হয়।

## অন্যান্য আলোচ্যসূচীসমূহ ঃ ১

(খ) বিভাগওয়ারী আলোচনা ও সিদ্ধান্ত গ্রহণ।

(গ) উপজেলার রাজস্ব আয়-ব্যয় হিসাব সংক্রান্ত।

(ঘ) বিবিধ।

## খ) বিভাগওয়ারী আলোচনা ও সিদ্ধান্ত গ্রহণ।

| ক্রমিক | দপ্তরের নাম | আলোচনা | গৃহীত সিদ্ধান্ত | বাস্তবায়নকারী কর্তৃপক্ষ |
|---|---|---|---|---|
| ১। | উপজেলা নির্বাহী অফিসারের দপ্তর | **উপজেলা নির্বাহী অফিসার, আটোয়ারী জানান,**<br>১। উপজেলার সকল দপ্তরের উন্নয়নমূলক কর্মকান্ডের ছবিসহ এবং হালনাগাদ তথ্য আপলোড করে ওয়েব সাইট ([illegible]) হালনাগাদ রাখতে হবে। এছাড়া প্রতিটি দপ্তরের ওয়েবসাইট ১০০% হালনাগাদ করার লক্ষ্যে প্রত্যেক দপ্তর প্রধান ব্যবস্থা গ্রহণ করবেন। প্রতিবেদন দাখিল করার জন্য সকল দপ্তর প্রধান এবং সহকারী প্রোগ্রামার আটোয়ারী কে ব্যবস্থা গ্রহনের জন্য অনুরোধ জানান। | সিদ্ধান্ত-১ প্রতিটি দপ্তরের ওয়েবসাইট হালনাগাদ করে প্রতি মাসে প্রতিবেদন দাখিল করার সিদ্ধান্ত গৃহীত হলো। | দপ্তর প্রধান সকল আটোয়ারী ও সহকারী প্রোগ্রামার আটোয়ারী। |
| | | ২। উপজেলায় সরকারি সেবা গতিশীল ও ঘরে বসে জনগণের সরকারি সেবা পাওয়ার জন্য প্রত্যেক দপ্তরের কর্মকর্তার জন্য গ্রামীণফোন সিম ক্রয় এবং বিতরণ করা হয়েছে। প্রত্যেক দপ্তরের whatsapp, মোবাইল নম্বর ও e-mail নম্বর খোলা সহ নিয়মিত চেক করার জন্য পরামর্শ প্রদান করা হলো। | সিদ্ধান্ত-২ প্রত্যেক দপ্তরের whatsapp, মোবাইল নম্বর ও e-mail নম্বর নিয়মিত চেক করার সিদ্ধান্ত গৃহীত হলো। | সকল দপ্তর প্রধান আটোয়ারী। |
| | | ৩। অফিসের নোটিশ, চিঠিপত্র নিজ দপ্তরের ওয়েবসাইট whats app, ও e-mail নম্বরে প্রেরণ করার পরামর্শ প্রদান করা হলো। | সিদ্ধান্ত-৩ অফিসের নোটিশ, চিঠিপত্র অনলাইনে whatsapp, ও e-mail নম্বরে প্রেরণ করার সিদ্ধান্ত গৃহীত হলো। | সকল দপ্তর প্রধান আটোয়ারী। |
| | | ৪। জনগণকে ন্যয়বিচার প্রদান সহ হয়রানি ব্যতিরেকে প্রতিটি ইউনিয়ন পর্যায়ের জমি জমা সংক্রান্ত সকল মামলা মোকদ্দমা স্থানীয়ভাবে এবং ইউনিয়ন পরিষদে মীমাংসার জন্য ইউপি চেয়ারম্যানদের পরামর্শ প্রদান করা হলো। | সিদ্ধান্ত-৪ ইউনিয়ন পর্যায়ের জমি জমা সংক্রান্ত সকল মামলা মোকদ্দমা স্থানীয়ভাবে এবং ইউনিয়ন পরিষদে মীমাংসার সিদ্ধান্ত গৃহীত হলো। | সকল ইউনিয়ন পরিষদ চেয়ারম্যান,আটোয়ারী। |
| | | ৫। নিরাপদ খাদ্য ভোক্তার অধিকার উদাহরণস্বরূপ বলা যায়, কাপড়ের রং খাদ্যে বা পানীয়ের মধ্যে ব্যবহার, মাছ ও ফল দ্রুত না পঁচতে রাসায়নিকের ব্যবহার ইত্যাদি। নিরাপদ খাদ্য আইনে নিরাপদ খাদ্য বলতে প্রত্যাশিত ব্যবহার ও উপযোগিতা অনুযায়ী মানুষের জন্য বিশুদ্ধ ও স্বাস্থ্যসম্মত আহার্যকে বুঝানো হয়েছে। খাদ্যে ভেজাল নিরসনে সকল দপ্তর সহ জাতীয় ভোক্তা-অধিকার সংরক্ষন অধিদপ্তর কে অভিযান পরিচালনা করার জন্য পরামর্শ প্রদান করা হলো। | সিদ্ধান্ত-৫ খাদ্যে ভেজোল নিরসনে সকল দপ্তর সহ জাতীয় ভোক্তা-অধিকার সংরক্ষন অধিদপ্তর কে অভিযান পরিচালনা করার সিদ্ধান্ত গৃহীত হলো। | জাতীয় ভোক্তা-অধিকার সংরক্ষন অধিদপ্তর এবং সকল দপ্তর প্রধান। |
| | | ৬। সর্বজনীন পেনশন স্কিম মাননীয় প্রধানমন্ত্রীর জনসাধারণের নিরাপদ ভবিষ্যৎ উন্নয়ন কৌশলের একটি গুরুত্বপূর্ন সংযোজন এবং কল্যাণমূলক রাষ্ট্র প্রতিষ্ঠায় একটি মাইলফলক। তার ধারাবাহিকতায় এই সর্বজনীন পেনশন স্কিম সকল শ্রেণীর মানুষদের দ্বারে পৌছানোর জন্য উপজেলা প্রশাসনের সকল কর্মকর্তা/কর্মচারীদের অনুরোধ জানান। | সিদ্ধান্ত-৯. সর্বজনীন পেনশন স্কিম মাননীয় প্রধানমন্ত্রীর জনসাধারণের নিরাপদ ভবিষ্যৎ উন্নয়ন কৌশলের একটি গুরুত্বপূর্ন সংযোজন এবং কল্যাণমূলক রাষ্ট্র প্রতিষ্ঠায় একটি মাইলফলক। তার ধারাবাহিকতায় এই .সর্বজনীন | উপজেলা প্রশাসন ও সকল দপ্তর প্রধান আটোয়ারী। |

| | | | | |
|---|---|---|---|---|
| | | | পেনশন স্কিম সকল শ্রেণীর মানুষদের দ্বারে পৌছানোর সিদ্ধান্ত গৃহীত হলো। | |
| ২ | উপজেলা স্বাস্থ্য ও প: প: দপ্তর | **উপজেলা স্বাস্থ্য ও পঃ পঃ কর্মকর্তা, আটোয়ারী** সভায় জানান যে, করোনা ভাইরাসের কিছু টিকা বরাদ্দ পাওয়া গেছে। ১৮ থেকে ৬০ বছরের মধ্যে যাদের রোগ প্রতিরোধ ক্ষমতা কম, যারা জটিল রোগে আক্রান্ত তাদের অগ্রাধিকার দেওয়া হবে। এছাড়া এই উপজেলায় রেজি: বিহীন অনেক ডায়াগনস্টিক সেন্টার রয়েছে। তাদের কার্যক্রম বন্ধ সহ অভিযান পরিচালনার জন্য উপজেলা নির্বাহী অফিসার, আটোয়ারী কে অনুরোধ জানান। | **সিদ্ধান্ত-১.** ১৮ থেকে ৬০ বছরের মধ্যে যাদের রোগ প্রতিরোধ ক্ষমতা কম, যারা জটিল রোগে আক্রান্ত তাদের টিকা দেওয়ার সিদ্ধান্ত গৃহীত হলো।<br>**সিদ্ধান্ত-২.** রেজি: বিহীন ডায়াগনস্টিক সেন্টারে কার্যক্রম বন্ধ সহ অভিযান পরিচালনার জন্য সিদ্ধান্ত গৃহীত হলো। | উপজেলা স্বাস্থ্য ও পঃ পঃ কর্মকর্তা আটোয়ারী।<br>উপজেলা নির্বাহী অফিসার এবং উপজেলা স্বাস্থ্য ও পঃ পঃ কর্মকর্তা আটোয়ারী। |
| ৩ | উপজেলা কৃষি দপ্তর | **উপজেলা কৃষি কর্মকর্তা, আটোয়ারী** সভায় জানান যে, এই উপজেলায় চলতি আমনের লক্ষ্যমাত্রা অনুযায়ী অর্জন সম্পন্ন হয়েছে। মৌসুমে প্রাকৃতিক দূর্যোগ সহ কারেন্ট পোকা প্রতিরোধে ব্যানার, লিফলেট, বিতরণ সহ পরামর্শ প্রদান চলছে। কৃষি প্রনোদনার আওতায় অনাবাদি জমিতে শবজি চাষ কার্যক্রম চলছে। ভূট্টা ও মরিচের ফলন ভাল । ১০০০ জন প্রান্তিক পাট চাষীকে পাটবীজ ও সার বিতরণ করা হবে। সার মজুদ রয়েছে। দপ্তরের অন্যান্য কার্যক্রম সুষ্ঠুভাবে চলছে।<br>**সভাপতি, চেয়ারম্যান, উপজেলা পরিষদ, আটোয়ারী** ইউনিয়ন পর্যায়ে সার ডিলাররা সঠিকভাবে সার কৃষকদের মাঝে সার বন্টন করছে কিনা তা মনিটরিং করার জন্য উপজেলা কৃষি কর্মকর্তা, আটোয়ারী কে পরামর্শ প্রদান করেন। | **সিদ্ধান্ত-১.** সব মৌসুমে প্রাকৃতিক দূর্যোগ সহ কারেন্ট পোকা প্রতিরোধে ব্যানার, লিফলেট, বিতরণ সহ পরামর্শ চালিয়ে যাওয়ার সিদ্ধান্ত গৃহীত হলো।<br>**সিদ্ধান্ত-২** . ইউনিয়ন পর্যায়ে কৃষকদের মাঝে সার বন্টন মনিটরিং করার সিদ্ধান্ত গৃহীত হলো। | উপজেলা কৃষি কর্মকর্তা আটোয়ারী।<br>উপজেলা কৃষি কর্মকর্তা আটোয়ারী। |
| ৪ | উপজেলা প্রাণীসম্পদ দপ্তর | **উপজেলা প্রাণীসম্পদ কর্মকর্তা, আটোয়ারী** সভায় জানান যে, উপজেলার বিভিন্ন ইউপিতে গবাদি পশুদের খুরা, এলএসডি এবং পিপিআর রোগের টিকা প্রদান চলমান রয়েছে। এছাড়া উপজেলায় প্রায় ৮৮ হাজার ছাগলকে টিকা প্রদান করা হয়েছে । প্রতিটি গবাদি পশুদের সুস্থ অবস্থায় ভ্যাকসিন নেয়ার জন্য অনুরোধ জানান। উপজেলায় ৩৬০ জন খামারী কে প্রশিক্ষণ দেওয়া হয়েছে। প্রতি ইউপিতে প্রাণী সম্পদ কর্মীদের জন্য একটি কক্ষ বরাদ্দ রয়েছে। এই জায়গা থেকে তারা সেবা প্রদান করবে। এছাড়া রোগ প্রতিরোধে মেডিকেল ক্যাম্প, উঠান বৈঠক, টিকা প্রদান,কৃত্রিম প্রজনন, ঘাস চাষ কার্যক্রম চলমান রয়েছে। অফিসের অন্যান্য কার্যক্রম সুষ্ঠুভাবে চলছে। | **সিদ্ধান্ত-১.** রোগ প্রতিরোধে প্রতিটি গবাদি পশুদের সুস্থ অবস্থায় ভ্যাকসিন নেয়ার সিদ্ধান্ত গৃহীত হলো।<br>**সিদ্ধান্ত-২.** রোগ প্রতিরোধে মেডিকেল ক্যাম্প, উঠান বৈঠক, টিকা প্রদান,কৃত্রিম প্রজনন কার্যক্রম চলমান রাখার সিদ্ধান্ত গৃহীত হলো। | উপজেলা প্রাণীসম্পদ কর্মকর্তা, আটোয়ারী<br>উপজেলা প্রাণীসম্পদ কর্মকর্তা, আটোয়ারী |
| ৫ | উপজেলা মৎস্য দপ্তর | **উপজেলা মৎস্য কর্মকর্তা,আটোয়ারী সভায় জানান যে**, এই উপজেলায় মৎস্য চাষে পুকুরে লিটার/হাস মুরগীর বৃষ্ঠা ব্যবহার না করার জন্য সভায় অনুরোধ জানান। দপ্তরের অন্যান্য কার্যক্রম স্বাভাবিকভাবে চলছে। | মৎস্য চাষে পুকুরে লিটার/হাস মুরগীর বৃষ্ঠা ব্যবহার না করার সিদ্ধান্ত গৃহীত হলো। | উপজেলা মৎস্য কর্মকর্তা,আটোয়ারী |
| ৬ | স্থানীয় সরকার প্রকৌশল দপ্তর | **উপজেলা প্রকৌশলী আটোয়ারী** সভায় জানান যে,<br>১। এই অর্থ বছরে সর্বমোট ২০ কিমি রাস্তার বরাদ্দ পাওয়া গেছে। এই বরাদ্দকৃত রাস্তার দুপার্শ্বে গাছ সমূহ দ্রুত টেন্ডার ও অপসারন করার প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য উপজেলা নির্বাহী অফিসার ও আটোয়ারী কে অনুরোধ জানান।<br>২) উপজেলায় কোন আধুনিকায়ন অফিসার্স ক্লাব ও গেস্ট হাউস টির কাজ চলমান রয়েছে।<br>৩) উপজেলার ফকিরগঞ্জ বাজারের ভাইস চেয়ারম্যানের বাড়ীর পার্শ্বে ০২ টি দোকান উত্তোলনের কাজ প্রায় শেষ। গত নভেম্বর/২৩ এবং জানুয়ারী/২৪ মাসের মাসিক সাধারণ সভার সিদ্ধান্ত মতে উপজেলা পরিষদ জামে মসজিদ উন্নয়নে একটি নির্দিষ্ট পরিমান টাকায় ভাড়ায় দোকান দুটি বরাদ্দ দেওয়ার ক্ষেত্রে বাজারের প্রকৃত ব্যবসায়ীদের নিকট হতে আবেদন নেওয়ার জন্য সভায় অনুরোধ জানান। | **সিদ্ধান্ত-১.** বরাদ্দকৃত রাস্তার দুপার্শ্বের গাছ সমূহ দ্রুত অপসারন করার প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য সিদ্ধান্ত গৃহীত হলো।<br>**সিদ্ধান্ত-২.** ফকিরগঞ্জ বাজারের প্রকৃত ব্যবসায়ীদের নিকট হতে ভাড়ায় দোকান দুটি বরাদ্দ দেওয়ার ক্ষেত্রে আবেদন নেওয়ার সিদ্ধান্ত গৃহীত হলো। | উপজেলা নির্বাহী অফিসার ও ভারপ্রাপ্ত কর্মকর্তা, বন বিভাগ, আটোয়ারী এবং সকল ইউপি চেয়ারম্যান।<br>উপজেলা প্রকৌশলী আটোয়ারী। |
| ৭ | আটোয়ারী থানা | **অফিসার ইনচার্জ আটোয়ারী থানা**, সভায় জানান যে, উপজেলায় আইন শৃঙ্খলা ভাল। আটোয়ারী উপজেলায় অপ্রীতিকর ঘটনা রোধে টহল বাড়ানো হয়েছে। এখন ২টি টহল পার্টি রাতে ডিউটি করে। জরুরী আইনি সেবা পাওয়ার জন্য ৯৯৯ বা পুলিশ কে ফোন করার জন্য অনুরোধ জানান। এছাড়া এলাকায় সচেতনতা সৃষ্টির জন্য বিট পুলিশিং সেবা চালানো হচ্ছে। দপ্তরের অন্যান্য কার্যক্রম স্বাভাবিক ভাবে চলছে। | **সিদ্ধান্ত-১.** এলাকায় সচেতনতা সৃষ্টির জন্য বিট পুলিশিং সেবা চালানো সিদ্ধান্ত গৃহীত হলো। | অফিসার ইনচার্জ, আটোয়ারী থানা । |

| | | | | |
|---|---|---|---|---|
| | উপজেলা হিসাব রক্ষণ দপ্তর | উপজেলা হিসাব রক্ষণ কর্মকর্তা,আটোয়ারী সভায় জানান অফিসের অন্যান্য কার্যক্রম স্বাভাবিক ভাবে চলছে। | | উপজেলা হিসাব রক্ষণ কর্মকর্তা, আটোয়ারী। |
| ৯ | উপজেলা মাধ্যমিক শিক্ষা দপ্তর | উপজেলা মাধ্যমিক শিক্ষা কর্মকর্তা, আটোয়ারী সভায় জানান অফিসের অন্যান্য কার্যক্রম স্বাভাবিক ভাবে চলছে। | | উপজেলা মাধ্যমিক শিক্ষা কর্মকর্তা আটোয়ারী। |
| ১০ | উপজেলা শিক্ষা দপ্তর | উপজেলা শিক্ষা কর্মকর্তা, আটোয়ারী সভায় জানান যে, বিদ্যালয় পর্যায়ের ৩য় প্রান্তিক মূল্যায়ন ফলাফল প্রকাশ করা হয়েছে। ২০২৪ শিক্ষা বর্ষে শতভাগ পাঠ্যপুস্তক প্রেরণ করা হযেছে। অফিসের অন্যান্য কার্যক্রম স্বাভাবিক ভাবে চলছে। | | উপজেলা শিক্ষা কর্মকর্তা আটোয়ারী। |
| ১১ | উপজেলা খাদ্য দপ্তর | উপজেলা খাদ্য নিয়ন্ত্রক, আটোয়ারী সভায় জানান অফিসের অন্যান্য কার্যক্রম স্বাভাবিক ভাবে চলছে। | | উপজেলা খাদ্য নিয়ন্ত্রক আটোয়ারী। |
| ১২ | উপজেলা সমবায় দপ্তর | উপজেলা সমবায় কর্মকর্তা, আটোয়ারী সভায় জানান অফিসের অন্যান্য কার্যক্রম স্বাভাবিক ভাবে চলছে। | | উপজেলা সমবায় কর্মকর্তা, আটোয়ারী |
| ১৩ | উপজেলা সমাজসেবা দপ্তর | উপজেলা সমাজসেবা কর্মকর্তা, আটোয়ারী সভায় জানান যে, অফিসের সকল কার্যক্রম স্বাভাবিক ভাবে চলছে। | | উপজেলা সমাজসেবা কর্মকর্তা, আটোয়ারী |
| ১৪ | পরিবার পরিকল্পনা দপ্তর | উপজেলা পরিবার পরিকল্পনা কর্মকর্তা আটোয়ারী সভায় অফিসের অন্যান্য কার্যক্রম স্বাভাবিক ভাবে চলছে। | | উপজেলা পরিবার পরিকল্পনা কর্মকর্তা আটোয়ারী। |
| ১৫ | উপজেলা প্রকল্প বাস্তবায়ন দপ্তর | উপজেলা প্রকল্প বাস্তবায়ন কর্মকর্তা আটোয়ারী সভায় জানান যে, ২য় বরাদ্দের টিআর কাবিখার অনুমোদন হয়েছে। কাজ শুরু করা হবে। ৩য় বরাদ্দ বন্টন করা হয়েছে অনুমোদনের জন্য জেলায় পাঠানো হয়েছে। এছাড়া আলোয়াখোয়ার এইচবিবি করণ রাস্তাটির কাজ চলমান রয়েছে। অফিসের সকল কার্যক্রম স্বাভাবিক ভাবে চলছে।<br>উপজেলা নির্বাহী অফিসার, আটোয়ারী উপজেলার বীর নিবাস কাজের প্রতিবেদন দাখিল করার জন্য উপজেলা প্রকল্প বাস্তবায়ন কর্মকর্তা আটোয়ারী কে পরামর্শ প্রদান করেন। | উপজেলার বীর নিবাস কাজের প্রতিবেদন দাখিল করার সিদ্ধান্ত গৃহীত হলো। | উপজেলা প্রকল্প বাস্তবায়ন কর্মকর্তা আটোয়ারী। |
| ১৬ | উপজেলা যুব উন্নয়ন দপ্তর | উপজেলা যুব উন্নয়ন কর্মকর্তা, আটোয়ারী সভায় জানান যে, অফিসের সকল কার্যক্রম স্বাভাবিক ভাবে চলছে। | | উপজেলা যুব উন্নয়ন কর্মকর্তা, আটোয়ারী |
| ১৭ | উপজেলা নির্বাচন দপ্তর | উপজেলা নির্বাচন কর্মকর্তা,আটোয়ারী সভায় জানান যে, আগামী ০১-০১-২০২২ ইং সালের নতুন ভোটাদের খসড়া ভোটার তালিকা প্রকাশ করা হয়েছে। মুক্তিযোদ্ধাদের বীর মুক্তিযোদ্ধা সংযোজন করার আবেদন চলছে। নতুনভাবে ভোটার নিবন্ধন চলছে। অফিসের সকল স্বাভাবিক ভাবে চলছে। | সিদ্ধান্ত-১.নতুনভাবে ভোটার নিবন্ধন করার জন্য প্রয়োজনে প্রতি ইউপিতে মাইকিং করার সিদ্ধান্ত গৃহীত হলো। | উপজেলা নির্বাচন কর্মকর্তা, এবং সকল ইউপি চেয়ারম্যান আটোয়ারী। |
| ১৮ | উপজেলা পল্লী উন্নয়ন দপ্তর | উপজেলা পল্লী উন্নয়ন কর্মকর্তা,আটোয়ারী সভায় জানান যে, অফিসের সকল কার্যক্রম স্বাভাবিক ভাবে চলছে। | | উপজেলা পল্লী উন্নয়ন কর্মকর্তা আটোয়ারী। |
| ১৯ | উপজেলা মহিলা বিষয়ক দপ্তর | উপজেলা মহিলা বিষয়ক কর্মকর্তা, আটোয়ারী সভায় জানান যে, মা ও শিশু সহায়ক ভাতা ভোগীদের মোবাইল একাউন্ট না করে সরসরি ব্যাংকের একাউন্ট ব্যবহার করা জন্য ইউপি চেয়ারম্যানদের অনুরোধ জানান। এছাড়া অফিসের সকল কার্যক্রম স্বাভাবিক ভাবে চলছে।<br>উপজেলা নির্বাহী অফিসার, আটোয়ারী উপজেলা অনেক গরীব বয়স্ক মানুষ অন্য মোবাইল একাউন্টে টাকা যাওয়ার অভিযোগ নিয়ে আসে, এবং বিভিন্ন ভাবে হয়রানির স্বীকার হয়। এই বয়স্ক মানুষদের একাউন্টে টাকা নিশ্চিত করণসহ ব্যাংকের একাউন্ট ব্যবহার করা জন্য ইউপি চেয়ারম্যান সহ উপজেলা মহিলা বিষয়ক কর্মকর্তা, আটোয়ারী কে পরামর্শ প্রদান করেন। | উপজেলার গরীব বয়স্ক মানুষদের একাউন্টে টাকা নিশ্চিত করণসহ ব্যাংকের একাউন্ট ব্যবহার করার সিদ্ধান্ত গৃহীত হলো। | উপজেলা মহিলা বিষয়ক কর্মকর্তা এবং সকল ইউপি চেয়ারম্যান,আটোয়ারী। |
| ২০ | উপজেলা আনসার ও ভিডিপি দপ্তর | উপজেলা আনসার ও ভিডিপি কর্মকর্তা, আটোয়ারী সভায় জানান যে, অফিসের সকল কার্যক্রম স্বাভাবিক ভাবে চলছে। | | উপজেলা আনসার ও ভিডিপি কর্মকর্তা আটোয়ারী। |
| ২১ | উপজেলা রিসোর্স সেন্টার | ইন্সট্রাক্টর, রিসোর্স সেন্টার, আটোয়ারী সভায় জানান যে, অফিসের সকল কার্যক্রম স্বাভাবিক ভাবে চলছে। | | ইন্সট্রাক্টর, রিসোর্স সেন্টার, আটোয়ারী |
| ২২ | উপজেলা পল্লী দারিদ্র বিমোচন দপ্তর | উপজেলা পল্লী দারিদ্র বিমোচন কর্মকর্তা, আটোয়ারী সভায় অনুপস্থিত। | তাঁকে আগামী সভায় উপস্থিত থাকার জন্য অনুরোধ করা হয়। | উপজেলা দারিদ্র বিমোচন কর্মকর্তা আটোয়ারী। |
| ২৩ | জনস্বাস্থ্য প্রকৌশল দপ্তর | উপ-সহকারী প্রকৌশলী (জনস্বাস্থ্য), আটোয়ারী সভায় জানান যে, সমগ্রদেশে নিরাপদ পানি সরবরাহ প্রকল্পের আওতায় কমিউনিটি পানির উৎসের নির্মান কাজ চলমান রয়েছে। পিইডিপি-৪ প্রকল্পের আওতায় প্রাথমিক বিদ্যালয়ে ওয়াশ ব্লক এর কাজ চলমান রয়েছে। অফিসের সকল কার্যক্রম স্বাভাবিক ভাবে চলছে। | | উপ-সহকারী প্রকৌশলী (জনস্বাস্থ্য), আটোয়ারী |

| | | | | |
|---|---|---|---|---|
| | উপজেলা পরিসংখ্যান বিভাগ | উপজেলা পরিসংখ্যান কর্মকর্তা, আটোয়ারী সভায় অনুপস্থিত। | তাঁকে আগামী সভায় উপস্থিত থাকার জন্য অনুরোধ করা হয়। | উপজেলা পরিসংখ্যান কর্মকর্তা আটোয়ারী। |
| ২৫ | উপজেলা সেটেলমেন্ট দপ্তর | সহকারী সেটেলমেন্ট কর্মকর্তা, আটোয়ারী সভায় অনুপস্থিত। | তাঁকে আগামী সভায় উপস্থিত থাকার জন্য অনুরোধ করা হয়। | সহকারী সেটেলমেন্ট কর্মকর্তা, আটোয়ারী |
| ২৬ | বন বিভাগ | ভারপ্রাপ্ত কর্মকর্তা, বন বিভাগ আটোয়ারী সভায় অনুপস্থিত। | তাঁকে আগামী সভায় উপস্থিত থাকার জন্য অনুরোধ করা হয়। | ভারপ্রাপ্ত কর্মকর্তা, বন বিভাগ, আটোয়ারী। |
| ২৭ | পল্লী সঞ্চয় ব্যাংক | ব্যবস্থাপক, পল্লী সঞ্চয় ব্যাংক, আটোয়ারী সভায় জানান অফিসের সকল কার্যক্রম স্বাভাবিক ভাবে চলছে। | | ব্যবস্থাপক, পল্লী সঞ্চয় ব্যাংক, আটোয়ারী |
| ২৮ | ইসলামিক ফাউন্ডেশন | ফিল্ড সুপারভাইজার, ইসলামিক ফাউন্ডেশন, আটোয়ারী সভায় অনুপস্থিত। | তাঁকে আগামী সভায় উপস্থিত থাকার জন্য অনুরোধ করা হয়। | ফিল্ড সুপারভাইজার, ইসলামিক ফাউন্ডেশন, আটোয়ারী। |
| ২৯ | পল্লী বিদ্যুৎ সমিতি | সহকারী জেনারেল ম্যানেজার, পল্লী বিদ্যুৎ সমিতি, আটোয়ারী সভায় জানান যে, পবিত্র রমজান উপলক্ষে বিদ্যুতের বরাদ্দ বেশি থাকায় লোডসেডিং কম নামাজ ওয়াক্তে নিরবিচ্ছিন্ন বিদ্যুৎ সরবরাহ করা হচ্ছে। জরুরী প্রয়োজনে অভিযোগ নাম্বারে কল করার অনুরোধ। অফিসের সকল কার্যক্রম স্বাভাবিক ভাবে চলছে। | পবিত্র রমজান উপলক্ষে নামাজ ওয়াক্তে নিরবিচ্ছিন্ন বিদ্যুৎ সরবরাহ করার সিদ্ধান্ত গৃহীত হলো। | সহকারী জেনারেল ম্যানেজার, পল্লী বিদ্যুৎ সমিতি আটোয়ারী। |
| ৩০ | আইসিটি দপ্তর | সহকারী প্রোগ্রামার, (আইসিটি) আটোয়ারী সভায় | | সহকারী প্রোগ্রামার, আটোয়ারী। |
| ৩১ | পাট উন্নয়ন দপ্তর | উপ-সহকারী পাট উন্নয়ন কর্মকর্তা, আটোয়ারী সভায় জানান যে, এই উপজেলায় ২৫২৩ বিঘা জমিতে পাঠ চাষ হচ্ছে। ১ হাজার জন পাটচাষীকে পাটবীজ ও সার কৃষকদের মাঝে বিতরণ করা হবে। অফিসের সকল কার্যক্রম স্বাভাবিক ভাবে চলছে।<br>উপজেলা নির্বাহী অফিসার আটোয়ারী মৌসুম শুরুর আগে পাটবীজ ও সার কৃষকদের মাঝে বিতরণ করার জন্য উপজেলা উপ-সহকারী পাট উন্নয়ন কর্মকর্তা কে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য পরামর্শ প্রদান করেন। | মৌসুম শুরুর আগে পাটবীজ ও সার কৃষকদের মাঝে বিতরণ করার সিদ্ধান্ত গৃহীত হলো। | উপসহকারী পাট উন্নয়ন কর্মকর্তা, আটোয়ারী |
| ৩২ | উপজেলা বরেন্দ্র বহুমুখী উন্নয়ন বিভাগ | উপ-সহকারী প্রকৌশলী বরেন্দ্র বহুমুখী উন্নয়ন বিভাগ আটোয়ারী সভায় অনুপস্থিত।<br>উপজেলা নির্বাহী অফিসার আটোয়ারী উপ-সহকারী প্রকৌশলী বরেন্দ্র বহুমুখী উন্নয়ন বিভাগ আটোয়ারী নিয়মিত মাসিক সাধারণ সভায় উপস্থিত থাকেন না। এই মৌসুমে সেচ পাম্পের আবেদন সমূহ জরুরী পরিদর্শন শেষ করার তাগিদ দিলেও তিনি আবেদন সমূহ পরিদর্শন না করে অফিসে প্রায় আসেন না। সেচ পাম্পের আবেদন যাচাই বাছাই প্রতিবেদন দাখিল না করায় লাইসেন্স প্রদান সম্ভব হয়নি। আগামী সভায় সেচ পাম্পের আবেদন যাচাই বাছাই প্রতিবেদন দাখিল না করলে তাঁর বিরুদ্ধে বিভাগীয় আইন ব্যবস্থা গ্রহনের জন্য সভায় উল্লেখ করেন। | সিদ্ধান্ত-১. তাঁকে আগামী সভায় উপস্থিত থাকার জন্য অনুরোধ করা হয়।<br>সিদ্ধান্ত-২. সেচ পাম্পের আবেদন সমূহ জরুরী পরিদর্শন শেষ করে লাইসেন্স প্রদান করার সিদ্ধান্ত গৃহীত হলো।<br>সিদ্ধান্ত-৩. নিয়মিত মাসিক সাধারণ সভায় উপস্থিত না থাকলে তাঁর বিরুদ্ধে বিভাগীয় আইন ব্যবস্থা গ্রহনে সিদ্ধান্ত গৃহীত হলো। | উপ সহকারী প্রকৌশলী বরেন্দ্র বহুমুখী উন্নয়ন বিভাগ আটোয়ারী।<br>উপজেলা নির্বাহী অফিসার আটোয়ারী<br>উপজেলা নির্বাহী অফিসার আটোয়ারী |
| ৩৩ | তথ্য সেবা কেন্দ্র | তথ্য সেবা কর্মকর্তা, আটোয়ারী সভায় জানান যে, অফিসের সকল কার্যক্রম স্বাভাবিক ভাবে চলছে। | | তথ্য সেবা কর্মকর্তা, আটোয়ারী। |
| ৩৪ | ইউজিডিপি বিভাগ | উপজেলা ফ্যাসিলিটেটর, ইউজিডিপি বিভাগ, আটোয়ারী সভায় জানান যে, ইউজিডিপি বিভাগের সকল কার্যক্রম স্বাভাবিক ভাবে চলছে। | | উপজেলা ফ্যাসিলিটেটর, আটোয়ারী |
| ৩৫ | সভাপতি,কেন্দ্রীয় সমবায় সমিতি (ইউসিসিএ) | জনাব, মোঃ এমদাদুল হক, সভাপতি, কেন্দ্রীয় সমবায় সমিতি (ইউসিসিএ) আটোয়ারী সভায় অনুপস্থিত। | তাঁকে আগামী সভায় উপস্থিত থাকার জন্য অনুরোধ করা হয়। | সভাপতি, উপজেলা কেন্দ্রীয় সমবায় সমিতি |
| ৩৬ | মুক্তিযোদ্ধা সংসদ | বীর মুক্তিযোদ্ধা মোঃ নজরুল ইসলাম, সাবেক কমান্ডার, মুক্তিযোদ্ধা সংসদ, আটোয়ারী জানান যে, আটোয়ারী উপজেলার সকল কার্যক্রম স্বাভাবিক ভাবে চলছে। | | মুক্তিযোদ্ধা সংসদ, আটোয়ারী। |
| ৩৭ | বোদা পৌরসভা | মেয়র প্রতিনিধি, বোদা পৌরসভা, সভায় অনুপস্থিত। | তাঁকে আগামী সভায় উপস্থিত থাকার জন্য অনুরোধ করা হয়। | মেয়র প্রতিনিধি, বোদা পৌরসভা |
| ৩৮ | ১নং মির্জাপুর ইউনিয়ন পরিষদ | চেয়ারম্যান, মির্জাপুর, ইউনিয়ন পরিষদ, আটোয়ারী, সভায় জানান যে, অত্র ইউপিতে পাকা রাস্তার সংখ্যা কম থাকায় প্রধান প্রধান সড়কগুলো পাকা করনের জন্য প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য উপজেলা নির্বাহী অফিসার আটোয়ারী এবং উপজেলা প্রকৌশলী আটোয়ারী কে অনুরোধ জানান। এছাড়া পরিসংখ্যান অফিস কর্তৃক অর্থনৈতিক শুমারী সঠিক ভাবে করার জন্য সভায় উপজেলা নির্বাহী অফিসার আটোয়ারী কে অনুরোধ জানান। তাঁর ইউপির সকল কার্যক্রম স্বাভাবিক ভাবে চলছে। | সিদ্ধান্ত-১. মির্জাপুর ইউপির প্রধান প্রধান সড়কগুলো পাকা করনের জন্য প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণে সিদ্ধান্ত গৃহীত হলো।<br>সিদ্ধান্ত-২. পরিসংখ্যান অফিসের অর্থনৈতিক শুমারী সঠিক ভাবে করার প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণে সিদ্ধান্ত গৃহীত হলো। | উপজেলা প্রকৌশলী আটোয়ারী এবং চেয়ারম্যান, মির্জাপুর, ইউনিয়ন পরিষদ<br>উপজেলা নির্বাহী অফিসার আটোয়ারী এবং উপজেলা পরিসংখ্যান কর্মকর্তা |

| | | | | |
|---|---|---|---|---|
| | ২নং তোড়িয়া ইউনিয়ন পরিষদ | **চেয়ারম্যান, তোড়িয়া, ইউনিয়ন পরিষদ,** আটোয়ারী সভায় জানান যে, তোড়িয়া বাজারের হাট সেডের টিন সমুহ জরুরী পরিবর্তন করার জন্য সভায় অনুরোধ জানান। আটোয়ারী টু তোড়িয়া যাওয়ার রাস্তায় কাঁচামাল হাটিতে দোকানদারা হাটসেড ছেড়ে রাস্তায় এসে দোকান করছে। এতে যানজট সৃষ্টি হচ্ছে । রাস্তার ড্রেনে ময়লা আবর্জনা ফেলার কারনে ড্রেন সমূহ বন্ধ করছে। তাঁদের রাস্তা থেকে হাট সেডের ঘরে ব্যবসা করার প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণে উপজেলা নির্বাহী অফিসার আটোয়ারী কে অনুরোধ জানান। এছাড়া কসাই পট্টি ০২ টি হাট সেডের ঘর ব্যবহার করছে। জবাই করা পশুর বর্জ্য ভালভাবে অপসারন না করায় এলাকাটি ব্যবহারের অনুপযোগি হয়ে আছে। এর সঠিক ব্যবহার করার প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য সভায় অনুরোধ জানান ইউপির অন্যান্য কার্যক্রম স্বাভাবিকভাবে চলছে। | **সিদ্ধান্ত-১.** তোড়িয়া যাওয়ার রাস্তায় কাঁচামাল ব্যবসায়ীদের রাস্তা থেকে হাট সেডের ঘরে ব্যবসা করার প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণে সিদ্ধান্ত গৃহীত হলো।<br><br>**সিদ্ধান্ত-২.** কসাই পট্টিতে জবাই করা পশুর বর্জ্য ভালভাবে অপসারন সহ এর সঠিক ব্যবহার করার প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণে সিদ্ধান্ত গৃহীত হলো। | উপজেলা নির্বাহী অফিসার আটোয়ারী এবং চেয়ারম্যান, তোড়িয়া, ইউনিয়ন পরিষদ।<br><br>উপজেলা নির্বাহী অফিসার আটোয়ারী |
| ৪০ | ৩নং আলোয়াখোয়া ইউনিয়ন পরিষদ | **চেয়ারম্যান, আলোয়াখোয়া, ইউনিয়ন পরিষদ, আটোয়ারী** জানান যে, অত্র ইউপির পাল্টাপাড়া বাজারের চারপাশে ড্রেন করার অনুরোধ জানান। এছাড়া আলোয়াখোয়ার ছোট বড় প্রায় ১৫ টি ব্রীজ রাস্তায় ভাঙ্গা অবস্থায় রয়েছে। এই ভাঙ্গা ব্রীজ সমূহ মেরামত বা নতুন করে স্থাপন করার জন্য অনুরোধ জানান। তিনি আরও জানান ইউপির প্রতিটি বাজারের ব্যবসায়ী দোকানদার বা ইট ভাটা গুলো ট্রেড লাইসেন্স নিচ্ছে না। যা ইউনিয়ন পরিষদ আর্থিক ভাবে ক্ষতিগ্রস্থ হচ্ছে। প্রতিটি বাজারের ব্যবসায়ী দোকানদার বা ইট ভাটা গুলো ট্রেড লাইসেন্স নেয়ার ব্যবস্থা গ্রহণের জন্য সভায় উপজেলা নির্বাহী অফিসার আটোয়ারী কে অনুরোধ জানান। তিনি আরও জানান অত্র ইউপির পাল্টাপাড়া বাজারে সিসি ক্যামেরা স্থাপন করা হয়েছে রাখালদেব বাজারেও সিসি ক্যামেরা স্থাপন করার অনুরোধ জানান। ইউপির অন্যান্য কার্যক্রম স্বাভাবিক ভাবে চলছে। | **সিদ্ধান্ত-১.** পাল্টাপাড়া বাজারে ড্রেন করার সিদ্ধান্ত গৃহীত হলো।<br>**সিদ্ধান্ত-২.** ভাঙ্গা ব্রীজ সমূহ মেরামত বা নতুন করে স্থাপন করার সিদ্ধান্ত গৃহীত হলো।<br>**সিদ্ধান্ত-৩.** বাজারের ব্যবসায়ী দোকানদার বা ইট ভাটা গুলোর ট্রেড লাইসেন্স নেয়ার ব্যবস্থা গ্রহণের জন্য সিদ্ধান্ত গৃহীত হলো।<br>**সিদ্ধান্ত-৪.** রাখালদেবী বাজারে সিসি ক্যামেরা স্থাপন করার সিদ্ধান্ত গৃহীত হলো। | চেয়ারম্যান, আলোয়াখোয়া, ইউনিয়ন পরিষদ<br><br>উপজেলা প্রকৌশলী আটোয়ারী।<br><br>উপজেলা নির্বাহী অফিসার আটোয়ারী এবং চেয়ারম্যান, আলোয়াখোয়া, ইউনিয়ন পরিষদ। |
| ৪১ | ৪নং রাধানগর ইউনিয়ন পরিষদ | **চেয়ারম্যান, রাধানগর, ইউনিয়ন পরিষদ,** আটোয়ারী সভায় জানান যে, রাধানগর ইউপির দক্ষিণ দূর্গাপুর রাস্তায় বাশের সাকোর জায়গায় ব্রীজ বরাদ্দ হওয়ায় সভায় ধন্যবাদ জ্ঞাপন করেন। উক্ত ব্রীজটি জরুরী উদ্বোধন করার জন্য সভায় অনুরোধ জানান । | | চেয়ারম্যান, রাধানগর ইউনিয়ন পরিষদ। |
| ৪২ | ৫নং বলরামপুর ইউনিয়ন পরিষদ | **চেয়ারম্যান, বলরামপুর ইউনিয়ন পরিষদ,** সভায় জানান যে, অত্র ইউপিতে পাকা রাস্তার সংখ্যা কম থাকায় প্রধান প্রধান সড়কগুলো পাকা করনের জন্য প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য উপজেলা প্রকৌশলী আটোয়ারী কে অনুরোধ জানান। এছাড়া ইউপির প্রায় ৩০০-৩৫০ বিঘা জমি মামলা থাকায় অনেকদিন ধরে পরিত্যাক্ত অবস্থায় রয়েছে। যা আটোয়ারীর জন্য অর্থনৈতিক ভাবে ক্ষতি। মাটিতে কিভাবে ফসল আবাদ করা যায় সে জন্য সভায় অনুরোধ জানান। ইউপির সকল কার্যক্রম স্বাভাবিক ভাবে চলছে। | বলরামপুর ইউপির প্রধান প্রধান সড়কগুলো পাকা করনের জন্য প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণে সিদ্ধান্ত গৃহীত হলো। | উপজেলা প্রকৌশলী আটোয়ারী এবং চেয়ারম্যান, বলরামপুর ইউনিয়ন পরিষদ। |
| ৪৩ | ৬নং ধামোর ইউনিয়ন পরিষদ | **চেয়ারম্যান ধামোর ইউনিয়ন পরিষদ,** সভায় জানান যে, ধামোর ইউপির অন্যান্য কার্যক্রম স্বাভাবিকভাবে চলছে । | | চেয়ারম্যান, ধামোর ইউনিয়ন পরিষদ। |
| ৪৪ | উপজেলা পরিষদ | **উপজেলা ভাইস চেয়ারম্যান, উপজেলা পরিষদ, আটোয়ারী,** জানান যে, উপজেলা পরিষদের সকল কার্যক্রম স্বাভাবিক ভাবে চলছে। | | উপজেলা ভাইস চেয়ারম্যান উপজেলা পরিষদ, আটোয়ারী |
| | | **উপজেলা মহিলা ভাইস চেয়ারম্যান, উপজেলা পরিষদ, আটোয়ারী** জানান যে, উপজেলা পরিষদের সকল কার্যক্রম স্বাভাবিক ভাবে চলছে। | | উপজেলা মহিলা ভাইস চেয়ারম্যান, উপজেলা পরিষদ, আটোয়ারী |

(গ) উপজেলার রাজস্ব আয়-ব্যয় সংক্রান্ত ঃ
আলোচনায় উপজেলা পরিষদ রাজস্ব তহবিলের বিভিন্ন আয় ও ব্যয়ের হিসাব নিম্নরুপে আলোচনা করা হলো-

আয় ঃ গত ০১/০৩/২০২৪ তারিখ হতে ৩০/০৩/২০২৪ তারিখ পর্যন্ত বাসাবাড়ী, অফিস ও দোকান ভাড়া, ভূমি হস্তান্তর করের ১% হতে আয় সহ বর্তমানে স্থিতি = ২৩,৩৩,৭৭৪ /-টাকা।
ব্যয় ঃ উপজেলা পরিষদ রাজস্ব তহবিল হতে গত ১৪/০৩/২০২৪ তারিখ হতে ১৪/০৪/২০২৪ তারিখ পর্যন্ত নিম্নলিখিত ব্যয় হয়েছে। ব্যয় সমূহ অনুমোদনের জন্য সভায় প্রস্তাব আনীত হয়।

## নোটশীট-১৯

অনুচ্ছেদ নং:২৩: সদয় উল্লেখ্য যে, আটোয়ারী উপজেলা পরিষদের উপজেলা রাজস্ব তহবিল হতে উত্তোলিত বিল প্রদানের নিমিত্ত বিলের বিবরণ নিম্নরুপে উল্লেখ করা হলো:

| ক্র: নং | বিলের বিবরণ | টাকার পরিমান |
|---|---|---|
| ০১ | উপজেলা পরিষদ কার্যালয়, আটোয়ারী, পঞ্চগড় এর জুলাই/২৩ হতে ফেব্রুয়ারী/২৪ মোট ০৮ মাসের ইন্টারনেট ব্যয় বিল। | ২৪,০০০/- |
| ০২ | উপজেলা পরিষদের ০৩ টি ইন্টারনেট সংযোগের মার্চ/২৪ মাসের ব্যয় বিল | ৩০০০/- |
| ০৩ | মোছা: সুমাইয়া আক্তার, পিতা: আবু বক্কর সিদ্দিক, ছোটদাপ রাধানগর কে পড়া লেখার জন্য বাইসাইকেল ক্রয় বাবদ অপ্রত্যাশিত খাত হতে আর্থিক সাহায্য প্রদান। | ৫০০০ |
| ০৪ | মোছা: আর্নিকা বেগম, পিতা: মৃত- আনছারুল ফকিপাড়া রাধানগর কে পড়া লেখার জন্য বাইসাইকেল ক্রয় বাবদ অপ্রত্যাশিত খাত হতে আর্থিক সাহায্য প্রদান। | ৫০০০/- |
| ০৫ | তাজেন চন্দ্র বর্মন পিতা: জগেন্দ চন্দ্র বর্মন গ্রাম কৃষ্ণনগর মির্জাপুর কে অপ্রত্যাশিত খাত হতে আর্থিক সাহায্য প্রদান। | ৫০০০/- |

## নোটশীট-২০

অনুচ্ছেদ নং:২৫:সদয় উল্লেখ্য যে, আটোয়ারী উপজেলা পরিষদের উপজেলা রাজস্ব তহবিল হতে উত্তোলিত বিভিন্ন ব্যয় বিল প্রদানের নিমিত্ত বিলের বিবরণ নিম্নরুপে উল্লেখ করা হলো:

| ক্র: নং | বিলের বিবরণ | বিল |
|---|---|---|
| ০১ | উপজেলা পরিষদের মার্চ, ২০২৪ মাসের আপ্যায়ন বিল | ৩০০০০ |
| ০২ | উপজেলা পরিষদের মার্চ, ২০২৪ মাসের আনুষংগিক বিল | ৫০০০ |
| ০৩ | উপজেলা পরিষদ, আটোয়ারীর মার্চ, ২০২৪ মাসের সামাজিক সম্প্রীতি বিল | ২০০০ |
| ০৪ | উপজেলা পরিষদ, আটোয়ারীর জানুয়ারী,২০২৪ হতে মার্চ,২০২৪ পর্যন্ত মোট ০৩ মাসের জীপ গাড়ীর জ্বালানী ব্যয় বিল | ৭০৪৬৬ |
| ০৫ | ২৬ মার্চ মহান স্বাধীনতা ও জাতীয় দিবস,২০২৪ উদযাপন অগ্রিম ব্যয় বিল | ৫০০০০ |
| | সর্বমোট ব্যয় বিল | |

## নোটশীট-২১

অনুচ্ছেদ নং:২৬: সদয় উল্লেখ্য যে, আটোয়ারী উপজেলা পরিষদের উপজেলা রাজস্ব তহবিল হতে উত্তোলিত উপজেলা পরিষদের কর্মকর্তা/কর্মচারীর সম্মানী ভাতা বিল ও অপ্রত্যাশিত খাতের বিল প্রদানের নিমিত্ত বিলের বিবরণ নিম্নরুপে উল্লেখ করা হলো:

| ক্র: নং | বিলের বিবরণ | বিল |
|---|---|---|
| ০১ | জনাব মোঃ তৌহিদুল ইসলাম, চেয়ারম্যান উপজেলা পরিষদ, আটোয়ারী মার্চ ২০২৪ মাসের মাসিক সম্মানী ও বাসা ভাড়া। | ৪৫০০০ |
| ০২ | জনাব মোঃ শাহাজাহান,ভাইস চেয়ারম্যান উপজেলা পরিষদ,আটোয়ারী মার্চ,২০২৪ মাসের মাসিক সম্মানী ভাতা। | ২৭০০০ |
| ০৩ | জনাব রেনু একরাম,মহিলা ভাইস চেয়ারম্যান উপজেলা পরিষদ,আটোয়ারী মার্চ,,২০২৪ মাসের মাসিক সম্মানী ভাতা। | ২৭০০০ |
| ০৪ | উপজেলা পরিষদের দৈনিক হাজিরায় নিয়োজিত ২ জন কর্মচারীর মার্চ,২০২৪ মাসের হাজিরা বিল। | ৩৪১০০ |
| ০৫ | উপজেলা পরিষদের নিরাপত্তায় নিয়োজিত মো: জাহিরুল ইসলাম এর মার্চ,২০২৪ মাসের হাজিরা বিল। | ৮২৫০ |
| ০৬ | উপজেলা পরিষদের দৈনিক হাজিরা/সাকুল্য বেতনে নিয়োজিত ৩ জন কর্মচারীর পবিত্র ঈদ উল ফিতর উৎসব ভাতা বিল। | ২০৬২৫ |
| ০৭ | জনাব মোঃ তৌহিদুল ইসলাম, চেয়ারম্যান উপজেলা পরিষদ, আটোয়ারীর জানুয়ারি/২৪ হতে মার্চ/২৪ পর্যন্ত ভ্রমণ ব্যয় বিল। | ২৫০০০ |
| ০৮ | জনাব মোঃ শাহাজাহান, ভাইস চেয়ারম্যান উপজেলা পরিষদ, আটোয়ারীর জানুয়ারি/২৪ হতে মার্চ/২৪ পর্যন্ত ভ্রমণ ব্যয় বিল। | ১৫০০০ |
| ০৯ | জনাব রেনু একরাম, মহিলা ভাইস চেয়ারম্যান উপজেলা পরিষদ, আটোয়ারীর জানুয়ারি/২৪ হতে মার্চ/২৪ পর্যন্ত ভ্রমণ ব্যয় বিল। | ১৫০০০ |
| ১০ | উপজেলা পরিষদ চত্তরে আনসার ব্যারাকের পানির লাইন মেরামত বাবদ বিল | ৬৫০০ |
| ১১ | মো: মোস্তাফিজুর রহমান পিতা: ইউসুফ আলী গ্রাম রামপুর আলোয়াখোয়া কে অপ্রত্যাশিত খাত হতে চিকিৎসা বাবদ আর্থিক সাহায্য প্রদান। | ৫০০০ |
| ১২ | বীর মুক্তিযোদ্ধা শ্রী গন্ধ মোহন পিতা: কামিনি মোহন গ্রাম কুড়ুলিয়া বলরামপুর কে অপ্রত্যাশিত খাত হতে চিকিৎসা বাবদ আর্থিক সাহায্য প্রদান। | ৫০০০ |
| ১৩ | বিজয় কুমার বর্মন পিতা: দিন দয়াল চন্দ্র গ্রাম লক্ষীরদ্বার বলরামপুর কে অপ্রত্যাশিত খাত হতে মেয়ের | ৪০০০ |

| | | |
|---|---|---|
| | পড়ালেখা বাবদ আর্থিক সাহায্য প্রদান। | |
| ১৪ | জোছনা খাতুন পিতাঃ দোহসুহ গ্রাম কুড়ুলিয়া বলরামপুর কে অপ্রত্যাশিত খাত হতে চিকিৎসা বাবদ আর্থিক সাহায্য প্রদান। | ১০০০ |
| ১৫ | মোঃ আইনুল হক পিতাঃ মফিজউদ্দিন গ্রাম ধামোর কে অপ্রত্যাশিত খাত হতে ঘর মেরামত বাবদ আর্থিক সাহায্য প্রদান। | ৭০০০ |
| ১৬ | রফিজ আলী পিতাঃ রইজউদ্দিন গ্রাম বড়দাপ, রাধানগর কে অপ্রত্যাশিত খাত হতে ঘর মেরামত বাবদ আর্থিক সাহায্য প্রদান। | ৩০০০ |
| ১৭ | মোঃ শহিদুল ইসলাম পিতাঃ সজিরত গ্রাম রামপুর আলোয়াখোয়া কে অপ্রত্যাশিত খাত হতে চিকিৎসা বাবদ আর্থিক সাহায্য প্রদান। | ৪০০০ |
| ১৮ | মোঃ আনোয়ার হোসেন পিতাঃ আকবর আলী, গ্রাম পানবাড়া, মির্জাপুর কে অপ্রত্যাশিত খাত হতে চিকিৎসা বাবদ আর্থিক সাহায্য প্রদান। | ৫০০০ |
| ১৯ | গোলাপি রানী পিতাঃ কাব্য চন্দ্র বর্মন, গ্রাম লক্ষীরদ্বার বলরামপুর কে অপ্রত্যাশিত খাত হতে চিকিৎসা বাবদ আর্থিক সাহায্য প্রদান। | ৫০০০ |
| | সর্বমোট ব্যয় বিল | ২৬২৪৭৫ |

## নোটশীট-২২

অনুচ্ছেদ নং:২৯: সদয় উল্লেখ্য যে, আটোয়ারী উপজেলা পরিষদের উপজেলা রাজস্ব তহবিল হতে উত্তোলিত উপজেলা পরিষদের আসবাবপত্র সংগ্রহ/মেরামত এবং পরিষ্কার পরিচ্ছন্নতা বাবদ দৈনিক মুজুরির বিল প্রদানের নিমিত্ত বিলের বিবরণ নিম্নরুপে উল্লেখ করা হলোঃ

| ক্র: নং | বিলের বিবরণ | বিল |
|---|---|---|
| ০১ | অক্টোবর /২৩ উপজেলা পুকুরপাড় ও শিশু পার্ক সহ চার পাশের পরিষ্কার পরিচ্ছন্নতা করণ বাবদ মুজুরি বিল | ১২৫০০ |
| ০২ | নভেম্বর /২৩ উপজেলা বঙ্গবন্ধু মূর‍্যাল ও স্মৃতিসৌধ এবং শহীদ মিনারের চার পাশের পরিষ্কার পরিচ্ছন্নতা করণ বাবদ মুজুরি বিল | ১২৫০০ |
| ০৩ | ডিসেম্বর /২৩ উপজেলার বিভিন্ন অফিস ও আবাসিক কোয়াটার সহ চার পাশের পরিষ্কার পরিচ্ছন্নতা করণ বাবদ মুজুরি বিল | ১২৫০০ |
| ০৪ | জানুয়ারি/২৪ উপজেলা নির্বাহী অফিসার বাসভবন,গেজেটেড বিল্ডিং, এবং আনসার কেম্প সহ চার পাশের পরিষ্কার পরিচ্ছন্নতা করণ বাবদ মুজুরি বিল | ১২৫০০ |
| ০৫ | ফেব্রুয়ারি/২৪ উপজেলা মাঠ চত্বর ও গ্রন্থকুটির এবং মসজিদ সহ চার পাশের পরিষ্কার পরিচ্ছন্নতা করণ বাবদ মুজুরি বিল | ১২৫০০ |
| ০৬ | মার্চ/২৪ উপজেলার ভবন সমূহের ছাদের আগাছা, ময়লা আর্বজনা এবং গাছের ডালপালা অপসারন সহ পরিষ্কার পরিচ্ছন্নতা করণ বাবদ মুজুরি বিল | ১২৫০০ |
| ০৭ | উপজেলা পরিষদের আসবাবপত্র সংগ্রহ/মেরামত খাতের বিল প্রদান | ৫০০০০ |
| ০৮ | উপজেলা কনফারেন্স রুমের সাউন্ড সিষ্টেম এর ষ্ট্রিক মাউথতার এর কভার রাবার ক্রয় | ২৬০০ |
| | সর্বমোট ব্যয় বিল | ১২৭৬০০ |

সিদ্ধান্ত : ১ : ব্যয়সমুহ সঠিক থাকায় সর্বসম্মতিক্রমে তা অনুমোদন করা হয়।

সভাপতি ও চেয়ারম্যান, উপজেলা পরিষদ, আটোয়ারী সভায় বলেন, উপজেলার সকল বিষয় নিয়ে আলোচনা হয়েছে। সকল দপ্তরের কর্মকর্তা ও জনপ্রতিনিধিগণ আলোচনা করেছেন। আটোয়ারী উপজেলার উন্নয়ন নিশ্চিত করার জন্য উপজেলার সকল দপ্তর প্রধান নিজ নিজ দপ্তরের কার্যক্রম যথাসময়ে নিষ্ঠার সাথে পালন করবেন মর্মে তিনি আশাবাদ ব্যক্ত করেন।

অতঃপর সভায় আর কোন আলোচনা না থাকায় সভাপতি উপস্থিত সকলকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করেন।

১৮।৪।২৪

মোঃ তৌহিদুল ইসলাম
চেয়ারম্যান
উপজেলা পরিষদ
আটোয়ারী, পঞ্চগড়।
ফোন : ০৫৬৫২-৫৬০৮৯
E-mail: atwari.uzp@gmail.gov.bd

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
উপজেলা নির্বাহী অফিসারের কার্যালয়
আটোয়ারী, পঞ্চগড়।
www.atwari.panchagarh.gov.bd

স্মারক নং - ০৫.৪৭.৭৭০৪.০০০.০৪.০০৩.২৪- ৬২১ (৫০)

তারিখ: ৫ বৈশাখ ১৪৩১ বঙ্গাব্দ
১৮ এপ্রিল ২০২৪ খ্রি:

অনুলিপি সদয় জ্ঞাতার্থে/জ্ঞাতার্থে ও কার্যার্থে :

০১। মাননীয় সংসদ সদস্য, পঞ্চগড়-১।
০২। সচিব, স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
০৩। বিভাগীয় কমিশনার, রংপুর বিভাগ, রংপুর।
০৪। জেলা প্রশাসক, পঞ্চগড়।
০৫। উপ-পরিচালক, স্থানীয় সরকার, পঞ্চগড়।
০৬। চেয়ারম্যান, উপজেলা পরিষদ, আটোয়ারী, পঞ্চগড়।
০৭। ভাইস চেয়ারম্যান/ মহিলা ভাইস চেয়ারম্যান, উপজেলা পরিষদ, আটোয়ারী, পঞ্চগড়।
০৮। চেয়ারম্যান, মির্জাপুর/তোড়িয়া/আলোয়াখোয়া/রাধানগর/বলরামপুর/ধামোর ইউ পি, আটোয়ারী, পঞ্চগড়।
০৯। উপজেলা ------------------------------ কর্মকর্তা আটোয়ারী, পঞ্চগড়।
১০। ---------------------------------------------------------------------------------,আটোয়ারী, পঞ্চগড়।

মো: শাফিউল মাজলুবিন রহমান
উপজেলা নির্বাহী অফিসার
আটোয়ারী,পঞ্চগড়।
ফোন : ০২৫৮৯৯৪২৮০২
E-mail: unoatwari@mopa.gov.bd